# উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভার হাজিরা সীট

**স্থান :** উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। **সময় :** ১২-৩০ টা, **তারিখ :** ০৭-০৪-২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ রকিবুল হাসান | প্রশাসক | সভাপতি | 7/4/25 |
| ২ | বিবেকানন্দ রায় | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. | সদস্য | |
| ৩ | মোঃ মোখলেসুর রহমান চৌধুরী | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. | সদস্য | |
| ৪ | সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. | সদস্য | |
| ৫ | মোঃ খালেদ মোশারফ | সিঃ উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য সচিব | 7.04.25 |

CS CamScanner

| | |
|---|---|
| সভাপতি | : মো: রকিবুল হাসান<br>প্রশাসক<br>উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও |
| তারিখ | : ০৭/০৪/২০২৫খ্রি. |
| সময় | : বেলা ১২.৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট – 'ক' ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট – 'খ'**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অত:পর মৎস্য দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৫খ্রি: ও মার্চ/২৫খ্রি: মাসে ৪০ (চল্লিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ১০ (দশ) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ(BMDA) কর্তৃক পালিগাঁও বিল মৎস্য অভয়াশ্রম পুন:খনন কার্যক্রম অব্যাহত রয়েছে। পুন:খননের সময় মৎস্য অভয়াশ্রম তথা মাছের যেন ক্ষতি না হয়, সেজন্য বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। তিনি আরও জানান যে, মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্প সংলগ্ন সরকারি পুকুরগুলো প্রকল্পাধীন সুফলভোগীদের মাঝে হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। টাঙ্গন নদীতে বিভিন্ন জায়গায় ঝোঁপ-ঝাড় ও বাঁশ দিয়ে কাঁঠা যেন স্থাপন না করা হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ করা হয়। উল্লেখ্য যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী, নদী-নালা, খাল-বিলে ঝোপঝাড়, বাঁশ ইত্যাদি দ্বারা কাঁঠা তৈরি করে অস্থায়ী/স্থায়ী স্থাপনার মাধ্যমে অর্থাৎ গাড়া জাল, বেড় জাল, বানা ইত্যাদি মাধ্যমে মৎস্য আহরণ নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১) চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।<br><br>২) বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ(বিএমডিএ) কর্তৃক বিল/জলাশয়ে ভারসাম্যপূর্ণ/টেকসই উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>৩) প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্প সংলগ্ন সরকারি পুকুরগুলো প্রকল্পাধীন সুফলভোগীদের মাঝে হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>৪) মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো(Fixed Engine) অপসারণে ব্যবস্থা নিতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৪/২৫

(মো: রকিবুল হাসান)
প্রশাসক
ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি (স্থায়ী)
উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও
fisheries.pirganj.thakurgaon.gov.bd

পত্র নং: ৩৩.০২.৯৪৮২.৫০১.৩৪.০০১.১৪.৬১/১(১৬)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১
০৭ এপ্রিল ২০২৫

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর;
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর;
০৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও;
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও;
০৬। জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও;
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও;
০৮। প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
০৯। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
১০। উপজেলা ......................................কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
১১। চেয়ারম্যান,...........................................ইউ,পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও;
১২। জনাব,........................................।

৭.০৪.২৫

(মো: খালেদ মোশারফ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি (স্থায়ী)
উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও
মোবাইল নং: ০১৭৬৯-৪৫৯৭৮৭
sufopirganj@fisheries.gov.bd

CamScanner